

সংবাদ বিবৃতি

জরুরী ভিত্তিতে বিশেষ প্রাধান্যসহ বিভিন্ন প্রান্তিক এবং আদিবাসী জনগোষ্ঠীর জন্য
ত্রাণ ও দুর্যোগ ভাতা নিশ্চিত করার আহবান হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ
(এইচআরএফবি)

[২১ এপ্রিল ২০২০] করোনাভাইরাস মোকাবিলায় প্রায় একমাস হতে চললো সারাদেশে লকডাউন চলছে। এর ফলে দেশের শ্রমজীবী ও নিম্ন আয়ের মানুষের উপার্জনের পথ বন্ধ বা সীমিত হয়ে পড়েছে। বিশেষত বিভিন্ন প্রান্তিক জনগোষ্ঠী এবং পাহাড়ে ও সমতলে বসবাসরত বেশ কিছু আদিবাসী পরিবার এ বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। সরকার ঘোষিত বিভিন্ন ত্রান সহায়তা কার্যক্রম সবার কাছে পর্যাপ্তভাবে পৌঁছাচ্ছে না বলে সংবাদ প্রকাশিত হচ্ছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) দ্রুততার সাথে এসব জনগোষ্ঠীর জন্য প্রয়োজনীয় মানবিক সহায়তা ও দুর্যোগ ভাতা প্রদান নিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আহবান জানাচ্ছে।

বেশ কিছুদিন ধরে সংবাদ প্রকাশিত হলেও গণমাধ্যমসূত্র এবং এসব জনগোষ্ঠীর জন্য কাজ করছে এমন সংগঠনগুলো থেকে জখানা গেছে, গাইবান্ধার গোবিন্দগঞ্জের অনেক সাঁওতাল পরিবার এখনও ত্রাণ পাননি। অন্যদিকে উপার্জন বন্ধ হয়ে যাওয়ায় নালিতাবাড়ী, ধোবাউড়া, দুর্গাপুর, কলমাকান্দা, মধ্যনগর ও তাহিরপুর উপজেলার বেশকিছু হাজং ও বানাই গ্রামের শতাধিক আদিবাসী পরিবারে খাদ্য সংকট দেখা দিয়েছে। রাজশাহী ও রংপুরের ১৩ জেলায় সাঁওতাল, উড়াও, মুন্ডা, মাহাতো, কোচসহ ৩৮টির বেশি জাতিসত্তার ১৫ লাখ মানুষের বাস। এরই মধ্যে এসব পরিবারে খাদ্য সংকট দেখা দিয়েছে। সিলেটের অধিকাংশ চা শ্রমিক ও অন্যান্য আদিবাসী পরিবার কঠিন অবস্থার মধ্যে দিন পার করছে। তিন পার্বত্য জেলার দরিদ্র ও প্রান্তিক জুম চাষীরা চরমভাবে বিপর্যস্ত। এছাড়া ঢাকাস্থ বিভিন্ন বিউটি পার্লার, গৃহকর্মী, ড্রাইভার, রিকশাচালক, গাড়িচালক, নিরাপত্তাকর্মীসহ অন্যান্য অপ্রাতিষ্ঠানিক কাজে যেসব আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠী নিয়োজিত আছেন, তারাও সংকটে পড়েছেন।

এইচআরএফবি জরুরী ভিত্তিতে এসব প্রান্তিক জনগোষ্ঠী ও দরিদ্র আদিবাসীদের সবার কাছে সরকারের ত্রাণ সহায়তা পৌঁছানো নিশ্চিত করার মাধ্যমে এ মানবিক বিপর্যয় কাটাতে সহায়তা করার আবেদন জানাচ্ছে। সরকার নতুন যে তালিকা করার সিদ্ধান্ত নিয়েছে, সেই তালিকায় দলিত, চা শ্রমিকসহ দরিদ্র আদিবাসীদের বিশেষভাবে অন্তর্ভুক্ত করার আহ্বান জানাচ্ছে। পাশাপাশি ফোরাম চা বাগান মালিকগণসহ যেসব নিয়োগকর্তা এ ছুটি চলাকালে কর্মীদের বেতন প্রদান অব্যাহত রেখেছেন, তাদের সাধুবাদ জানাচ্ছে এবং অন্যদেরকেও একই উদ্যোগ নেয়ার অনুরোধ জানাচ্ছে। একইসাথে এইচআরএফবি সরকারের কাছে এ দুর্যোগে যারা কর্মহীন হয়ে পড়েছেন বা বেতন পাচ্ছেন না, তাদের জন্য বেতন এবং দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষদের ভাতা প্রাপ্তি নিশ্চিত করার দাবি রাখছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).